দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 28 JUL 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# জাবিতে শিক্ষক-শিক্ষার্থী ঐক্যমঞ্চের অবস্থান কর্মসূচি

## প্রশাসনের নিষ্ক্রিয়তার প্রতিবাদ

■ জাবি সংবাদদাতা

শিক্ষক লাঞ্ছনা, শিক্ষার্থীদের উপর হামলা, সন্ত্রাস ও নিপীড়নের ঘটনায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিষ্ক্রিয়তার প্রতিবাদে অবস্থান কর্মসূচি পালন করেছে শিক্ষক-শিক্ষার্থী ঐক্যমঞ্চ। বুধবার দুপুর ১২টার দিকে বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনের সামনে এ অবস্থান কর্মসূচি পালন করা হয়। কর্মসূচিতে শিক্ষক-শিক্ষার্থী ঐক্যমঞ্চের আহবায়ক অধ্যাপক নাসিম আখতার হোসাইন বলেন, কোনো সন্ত্রাসী গোষ্ঠী অপরাধ করার পর তার বিচার না হওয়ার সংস্কৃতি চালু হয়েছে বিশ্ববিদ্যালয়ে। ফলে নতুন সন্ত্রাসী গোষ্ঠীর সৃষ্টি হচ্ছে। তিনি সন্ত্রাসী এবং শিক্ষক ও শিক্ষার্থীদের নিপীড়নকারীদের দ্রুত বিচারের আওতায় আনতে প্রশাসনের প্রতি জোর দাবি জানান। এসময় উপস্থিত ছিলেন শিক্ষক-শিক্ষার্থী ঐক্যমঞ্চের মুখপাত্র সহযোগী অধ্যাপক রায়হান রাইন, অধ্যাপক এটিএম আতিকুর রহমান, অধ্যাপক এএসএম আনোয়ারুল্লাহ ভূঁইয়া, অধ্যাপক মো.শামছুল আলম সেলিম, ছাত্র ইউনিয়ন জাবি সংসদের সভাপতি দীপাঞ্জল সিদ্ধার্থ কাজল, সাধারণ সম্পাদক আবিদ সরকার সোহাগ প্রমুখ।